**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/3/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 2024 অর্থবছরের বাজেটে শিক্ষার জন্য নজিরবিহীন সমর্থন ঘোষণা করলেন, যার মধ্যে 34.5 বিলিয়ন মার্কিন ডলার স্কুল সহায়তা রয়েছে

***স্কুল সহায়তায় 3 বিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি, সর্বোচ্চ মাত্রার স্টেট সহায়তা, সম্পূর্ণ অর্থায়িত ফাউন্ডেশন সহায়তা***

***প্রাককিন্ডারগার্টেনে 150 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি***

***বিনামূল্যে স্কুলে আহার পাওয়ার সুযোগ বৃদ্ধি করতে 134 মিলিয়ন মার্কিন ডলার***

***22টি অতিরিক্ত চার্টার স্কুল দ্বারা শিক্ষামূলক সুযোগ সম্প্রসারণ করা***

***SUNY এর রূপান্তর এবং CUNY এর কৌশলগত চাহিদার জন্য ঐতিহাসিক বিনিয়োগ***

***SUNY ও CUNY এর জন্য 2.4 বিলিয়ন মার্কিন ডলার নতুন মূলধন, 15 বছরের মধ্যে সর্ববৃহৎ বিনিয়োগ***

***SUNY ও CUNY এর জন্য নতুন পরিচালনা সমর্থন হিসেবে 381 মিলিয়ন মার্কিন ডলার***

***SUNY বৃত্তিদান অবদানের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ম্যাচিং স্টেট তহবিল***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2024 অর্থবছরের বাজেটে শিক্ষার জন্য নজিরবিহীন তহবিল থাকবে, যার মধ্যে রয়েছে 2024 স্কুল বছরের জন্য রেকর্ড 34.5 বিলিয়ন মার্কিন ডলার মোট স্কুল সহায়তা, যা স্টেটের সর্বকালের সর্বোচ্চ মাত্রার স্টেট সহায়তা। এছাড়াও বাজেটে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York , SUNY) রূপান্তর এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) কৌশলগত চাহিদার জন্য ঐতিহাসিক বিনিয়োগের জন্য উল্লেখযোগ্য বিনিয়োগ থাকবে।

প্রাককিন্ডারগার্টেন থেকে শুরু করে কলেজ গ্র্যাজুয়েশন পর্যন্ত উচ্চমানের শিক্ষা পাওয়ার সুযোগ "সকল নিউ ইয়র্কবাসীর প্রাপ্য," **গভর্নর হোকল বলেন।** "সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিস্টির সাহায্যের কল্যাণে, রূপান্তরমূলক বিনিয়োগের এই নজিরবিহীন

মাত্রা আরো শিক্ষার্থীদের জন্য নিজেদের উজ্জ্বলতর ভবিষ্যৎ গঠনের এবং ভবিষ্যতের চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনের দুয়ার উন্মোচন করে দিবে।"

## ঐতিহাসিক P-12 শিক্ষা তহবিল

### ফাউন্ডেশন সহায়তার জন্য সম্পূর্ণ অর্থায়ন

শিক্ষার্থী, শিক্ষক, এবং স্কুলের চাহিদা পূরণ করতে অতিরিক্ত তহবিল প্রদান করার জন্য গভর্নর হোকলের দৃঢ় প্রতিশ্রুতিকেই বাজেটটি প্রতিফলিত করছে। বাজেটে মোট 34.5 বিলিয়ন মার্কিন ডলার ঐতিহাসিক স্কুল সহায়তা রয়েছে, তা স্টেটের সহায়তার ইতিহাসে সর্বোচ্চ। এর মধ্যে রয়েছে ইতিহাসে প্রথমবারের মতো ফাউন্ডেশন সহায়তাকে (Foundation Aid) সম্পূর্ণভাবে অর্থায়ন করার গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণ করার জন্য 24 বিলিয়ন মার্কিন ডলার ফাউন্ডেশন সহায়তা, যা গত বছরের তুলনায় 2.6 বিলিয়ন মার্কিন ডলার বেশি। নিউ ইয়র্ক এখনো দেশের মধ্যে সর্বোচ্চ শিক্ষার্থী-প্রতি শিক্ষা তহবিল প্রদান করছে। তহবিলটি উচ্চমানের শিক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের প্রত্যেক শিশুকে সফলতার হাতিয়ার প্রদান করতে সাহায্য করবে।

### সার্বজনীন প্রাককিন্ডারগার্টেন সম্প্রসারণ

গভর্নর হোকল এছাড়া স্টেটব্যাপী 20,000 শিশুর জন্য উচ্চমানের প্রাককিন্ডারগার্টেন কর্মসূচি সম্প্রসারিত করার জন্য অতিরিক্ত 150 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছেন, যার ফলে স্টেটের মোট প্রাককিন্ডারগার্টেন বিনিয়োগ 1.2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি হবে। এই বৃদ্ধির ফলে স্টেট চার বছর বয়সী শিশুদের জন্য সার্বজনীন প্রাককিন্ডারগার্টেন আওতার ব্যাপারে 95 শতাংশ সাফল্য অর্জন করবে।

### বিনামূল্যে স্কুলে আহার পাওয়ার সুযোগ বৃদ্ধি

যোগ্য নিম্ন আয়ের সরকার ও সরকারি নয় এমন স্কুলগুলি যাতে ফেডারেল কমিউনিটি যোগ্যতা বিধান (Community Eligibility Provision) কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে তা প্রণোদিত করতে বাজেটে 134 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করা হবে, যার ফলে এইসব স্কুলের সকল শিক্ষার্থী তাদের পরিবারের উপার্জন নির্বিশেষে স্কুলে বিনামূল্যে সকালের নাস্তা ও দুপুরের খাবার খেতে পারবে।

### ভবিষ্যতের কর্মীবাহিনী গঠন

বাজেট আর্লি কলেজ হাই স্কুল (Early College High School, ECHS) এবং পাথওয়েজ ইন টেকনোলজি আর্লি কলেজ হাই স্কুলের (Pathways in Technology Early College High School, P-TECH) অর্থায়নের জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছেন, যার ফলে শিক্ষার্থীরা হাই স্কুলে কলেজ ক্রেডিট অর্জন করতে পারবে, এক্ষেত্রে উচ্চ চাহিদার স্কুল জেলাসমূহকে অগ্রাধিকার দেওয়া হবে। এছাড়াও বাজেটে একটি বলিষ্ঠ হাই স্কুল থেকেই কলেজ কর্মিবাহিনী পাইপলাইন তৈরির জন্য অতিরিক্ত 10 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। চাকরির প্রস্তুতির প্রচার করতে কৌশলী কর্মীবাহিনী পরিকল্পনা গঠন করতে স্কুল জেলা, সমবায় শিক্ষা সেবা বোর্ড (boards of cooperative educational services, BOCES), এবং কমিউনিটি কলেজসমূহের জন্য এই তহবিল উপলভ্য থাকবে। এই উদ্যোগসমূহ নিউ ইয়র্কের শিক্ষা ব্যবস্থাকে রূপান্তরিত করতে সাহায্য করবে, আমাদের শিক্ষার্থীদেরকে ভবিষ্যতের চাকরির জন্য প্রস্তুত করবে।

**বিশেষ শিক্ষা টিউশন হার-নির্ধারণের সংশোধন**
বিশেষ শিক্ষা স্কুলগুলির জন্য টিউশনের হারের সরলীকরণ ও এর সময়ানুবর্তিতা উন্নত করতে স্টেটের শিক্ষা বিভাগ (State Education Department) যাতে অধ্যয়ন করে একটি নতুন হার-নির্ধারণ পদ্ধতি নকশা করতে পারে তার জন্যে বাজেটে 2.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। এই তহবিল নিশ্চিত করতে সাহায্য করবে যাতে বিশেষ শিক্ষা প্রদানকারীরা অক্ষমতাসহ শিক্ষার্থীদেরকে উচ্চমানের সেবাদান করে যেতে পারে।

**22টি অতিরিক্ত চার্টার স্কুল দ্বারা শিক্ষামূলক সুযোগ সম্প্রসারণ করা**
প্রণীত বাজেট 22টি চার্টার পুনরায় ইস্যু করাকে অনুমোদিত করে যা প্রথমে বন্ধ হয়ে যাওয়া চার্টার স্কুলের জন্য ইস্যু করা হয়েছিলো। এর ফলে নিউ ইয়র্ক সিটিতে অতিরিক্ত 14টি এবং বাকি স্টেটে আটটি চার্টার স্কুল খোলা যাবে।

**<u>SUNY এর রূপান্তর এবং CUNY এর কৌশলগত চাহিদার জন্য ঐতিহাসিক বিনিয়োগ</u>**

বাজেট নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি ও নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির জন্য নজিরবিহীন মাত্রার সমর্থন প্রদান করে। এর মধ্যে রয়েছে SUNY এর রূপান্তর এবং CUNY এর কৌশলগত চাহিদার জন্য গভর্নর হোকলের ভিশন বাস্তবায়ন করার তহবিল। এই তহবিল উভয় ব্যবস্থাকে ভর্তি ও সম্পূর্ণ করার হার বৃদ্ধি করতে সাহায্য করবে, শিক্ষার্থীদের চাহিদা বেশি এমন চাকরির জন্য প্রস্তুত করবে, বিশ্বমানের শিক্ষার্থী অভিজ্ঞতা নিশ্চিত করবে, সেরা অনুষদ নিয়োগ দিবে, এবং ব্যাপক ব্যাপ্তির ডিগ্রি ও ক্রেডেনশিয়াল প্রদান করবে।

**SUNY এবং CUNY ক্যাম্পাসে নতুন মূলধন প্রকল্পের জন্য 2.4 বিলিয়ন মার্কিন ডলার**
ক্যাম্পাসের ফ্যাসিলিটি হালনাগাদকরণ এবং উদ্ভাবন ও উভয় ব্যবস্থার বিকাশ সমর্থন করার জন্য SUNY এবং CUNY তে মূলধন প্রকল্পের জন্য বাজেট 2.4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। প্রকল্পসমূহের মধ্যে থাকবে SUNY এবং CUNY জুড়ে ফ্যাসিলিটির উন্নয়ন, অত্যাধুনিক ডিজিটাল ও IT ব্যবস্থা, নতুন ও সংস্কারকৃত গবেষণা ভবন, পরীক্ষাগার, অত্যাধুনিক সরঞ্জাম, এবং বিদ্যমান SUNY এবং CUNY ফ্যাসিলিটিসমূহকে ভালো দশায় রাখতে রক্ষণাবেক্ষণ করার জন্য তহবিল। এর মধ্যে রয়েছে SUNY এর স্টেট পরিচালিত ক্যাম্পাসসমূহের জন্য 1.3 বিলিয়ন মার্কিন ডলার, CUNY বয়স্কদের জন্য কলেজসমূহে 919 মিলিয়ন মার্কিন ডলার, SUNY কমিউনিটি কলেজসমূহে 106 মিলিয়ন মার্কিন ডলার, এবং CUNY কমিউনিটি কলেজসমূহে 120 মিলিয়ন মার্কিন ডলার।

**SUNY এবং CUNY ক্যাম্পাসের জন্য স্টেট সমর্থন বৃদ্ধি**
বাজেটে SUNY স্টেট পরিচালিত ক্যাম্পাসসমূহ (163 মিলিয়ন মার্কিন ডলার) এবং CUNY বয়স্কদের কলেজসমূহে (93 মিলিয়ন মার্কিন ডলার) নতুন, পুনরাবৃত্ত সাধারণ পরিচালনা সহায়তার জন্য 256 মিলিয়ন মার্কিন ডলার এবং ক্যাম্পাসে উদ্ভাবন সমর্থন করে, কর্মীবাহিনীর চাহিদা পূরণ করতে সাহায্য করে, এবং শিক্ষার্থীদের প্রয়োজনীয় সমর্থন প্রদান করে এমন রূপান্তরমূলক উদ্যোগসমূহে আরো 125 মিলিয়ন মার্কিন ডলার (SUNY এর জন্য 75 মিলিয়ন মার্কিন ডলার এবং CUNY এর জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার) এককালীন বিনিয়োগ করে।

পাশাপাশি, বাজেট চুক্তিতে আগামী দুইটি শিক্ষাবছরের প্রতিটিতে SUNY এবং CUNY কে 90 মিলিয়ন মার্কিন ডলার (4 শতাংশ) সাধারণ পরিচালনা সহায়তা বৃদ্ধি প্রদান করার একাধিক বছরের প্রতিশ্রুতি রয়েছে (SUNY এর জন্য 54 মিলিয়ন মার্কিন ডলার এবং CUNY এর জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার) এবং এটি উভয় ব্যবস্থাকে অতিরিক্ত ক্যাম্পাস পরিচালনা রাজস্ব সৃষ্টির জন্য অনাবাসিক টিউশন বৃদ্ধি করার নমনীয়তা প্রদান করে।

**SUNY বৃত্তিদান অবদানের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ম্যাচিং স্টেট তহবিল**

SUNY এর চারটি ইউনিভার্সিটি কেন্দ্রের বৃত্তিদান অবদানের জন্য প্রণীত বাজেট প্রথমবারের মতো নিউ ইয়র্ক স্টেট ম্যাচিং তহবিল তৈরি করে, চারটি কেন্দ্র হলো: বাফেলো, স্টোনি ব্রুক, অ্যালবানি, এবং বিংহ্যামটন। তহবিলটি 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল পর্যন্ত, ইউনিভার্সিটির প্রতি 2 মার্কিন ডলার বৃত্তিদানের জন্য 1 মার্কিন ডলার স্টেট তহবিল প্রদান করবে।

**কমিউনিটি কলেজসমূহকে সমর্থন**

কমিউনিটি কলেজের বর্তমান তহবিল মাত্রা ধরে রাখার জন্য 138 মিলিয়ন মার্কিন ডলার তহবিল বাজেটে অন্তর্ভুক্ত থাকবে, যার ফলে ভর্তি সংখ্যা হ্রাস পাওয়ার জন্য ফর্মুলা সহায়তায় ক্ষতি এড়ানো যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418